

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশকা ২০২৪

বিষয়: বাংলা

শ্রেণি: নবম

(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

ক্রমিক নম্বর	অধ্যায়	অভিজ্ঞতার নাম	পৃষ্ঠা
১	প্রথম	বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করি	১-১৪
২	দ্বিতীয়	প্রমিত ভাষা ব্যবহার করি	১৫-৩৩
৩	তৃতীয়	রচনা পড়ি দৃষ্টিভঙ্গি বুঝি	৩৪-৭৭
৪	চতুর্থ	ব্যাকরণ মেনে লিখতে শিখি	৭৮-৯৯
৫	পঞ্চম	বিবরণমূলক ও বিশ্লেষণমূলক রচনা লিখি	১০০-১১২
৬	ষষ্ঠ	সাহিত্য পড়ি সাহিত্য লিখি	১১৩-১২২, ১৩৯-১৪৯, ১৬২-১৭১, ১৮০-১৯২

(খ) মূল্যায়ন কাঠামো

শিখনকালীন	সামষ্টিক
৩০%	৭০%

(গ) প্রশ্নের ধারা ও নম্বরবণ্টন

(i) সামষিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর: ১০০

আইটেমের নাম (Item name)	প্রশ্নের সংখ্যা	মোট নম্বর	সময়
নের্বাক্তিক প্রশ্ন (১৫টি এমসিকিউ ও ১০টি এক কথায় উত্তর)	২৫	$১\times ২৫=২৫$	৩ ঘন্টা
সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (১০টি থেকে ১০টির উত্তর দিতে হবে)	১০	$২\times ১০=২০$	
রচনামূলক প্রশ্ন (দ্র্শ্যপটবিহীন) Essay type question (Without situational) (৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে।)	৩	$৫\times ৩=১৫$	
রচনামূলক প্রশ্ন (দ্র্শ্যপটনির্ভর) (৭টি থেকে ৫টির উত্তর দিতে হবে।) Essay type question (situational) প্রতিটি দ্র্শ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে	৫	$৮\times ৫=৪০$	
মোট	১০০	৩ ঘন্টা	

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

(ii) শিখনকালীন মূল্যায়ন

আইটেমের নাম (Item type)	নির্ধারিত নম্বর/ওয়েটেজ
অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical work)-একটি করে নমুনা সহ	১০
অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) - একটি করে নমুনা সহ	১০
শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্তুষ্টিপূর্ণভাবে একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফোচার্চ অংকন) - একটি করে নমুনা সহ	১০
মোট	৩০

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই
নমুনা প্রশ্নপত্র হ্রাস ব্যবহার করা যাবে না।

২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন

নথি শ্রেণি

বিষয়: বাংলা

নের্ব্যত্তিক অভিজ্ঞা + রচনামূলক

সময়- ৩ ঘণ্টা; পূর্ণমান- ১০০

নের্ব্যত্তিক অংশ

মান ২৫

[বিশেষ দ্রষ্টব্য: বছনির্বাচনি অভিজ্ঞার সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (১-১৫) এবং এক শব্দে/এক বাকেয় উত্তর লেখো (১৬-২৫) প্রতিটি প্রশ্নের মান ১।]

১। সম্মুখ স্বরঞ্চনি কোনটি?

- | | |
|------|---------|
| ক. আ | খ. অ্যা |
| গ. এ | ঘ. ই |

২। কোনটি লেখ্য প্রমিতের উদাহরণ?

- | | |
|------------|-----------|
| ক. অসুবিধা | খ. তুলো |
| গ. দেবার | ঘ. হাজারো |

৩। কোনটি কথ্য প্রমিত?

- | | |
|-----------|----------|
| ক. লাখো | খ. টুকরা |
| গ. দেওয়া | ঘ. ভিতর |

৪। সাধুরীতির পদ প্রমিতরীতির তুলনায় দীর্ঘতর হয় নিচের কোন শব্দশ্রেণির ক্ষেত্রে?

- | | |
|------------|------------|
| ক. বিশেষ্য | খ. বিশেষণ |
| গ. যোজক | ঘ. অনুসর্গ |

৫। কোনটি বলকের উদাহরণ?

- | | |
|---------------------|---------------------------|
| ক. তোমার পারা উচিত | খ. তুমিই পারবে |
| গ. তোমার দ্বারা হবে | ঘ. তোমাকে খুঁজছে বাংলাদেশ |

৬। ‘সোম’ শব্দের প্রতিশব্দ কোনটি?

- | | |
|----------|---------|
| ক. অধুনা | খ. অতল |
| গ. সমীর | ঘ. চাঁদ |

৭। ‘অর্বাচীন’ শব্দের প্রতিশব্দ কোনটি?

- | | |
|---------|------------|
| ক. নতুন | খ. উপযুক্ত |
| গ. পাদপ | ঘ. উপহাস |

৮। ‘ত্বরিত’ শব্দের বিপরীত শব্দ কোনটি?

- | | |
|-----------|-----------|
| ক. হ্রস্ব | খ. শুধু |
| গ. সচেষ্ট | ঘ. বিভক্ত |

৯। তিলোত্তমা/তিলোত্তমা/[স. তিল+উত্তমা] বি.- অভিধানে তৃতীয় বন্ধনীর মধ্যের [] অংশটিকে কী বলা হয়?

- | | |
|---------------|---------------|
| ক. শীর্ষশব্দ | খ. শব্দের গঠন |
| গ. শব্দের উৎস | ঘ. উচ্চারণ |

১০। অভিধানের বর্ণক্রম অনুযায়ী নিচের কোনগুচ্ছ সঠিক?

- | | |
|------------------------------|------------------------------|
| ক. আঁশ, আভরণ, কার্যকর, ক্ষমা | খ. আঁশ, আভরণ, ক্ষমা, কার্যকর |
| গ. আঁশ, ক্ষমা, কার্যকর, আভরণ | ঘ. আভরণ, আঁশ, ক্ষমা, কার্যকর |

কবিতাংশটি পড়ে ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও।

পরের কারণে দ্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলই দাও
তার মতো সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও।

১১। কবিতাংশের ভাব ‘নিমগাছ’ গল্পের কোন চরিত্রে ফুটে উঠেছে?

- | | |
|--------------|------------|
| ক. লক্ষ্মীবউ | খ. বিজ্ঞজন |
| গ. কবি | ঘ. কবিরাজ |

১২। সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো—

- i. পরার্থপরতা ii. নিঃস্বার্থতা iii. উদারতা
- কোনটি সঠিক?
- | | |
|-------------|----------------|
| ক. i ও ii | খ. i ও iii |
| গ. ii ও iii | ঘ. i, ii ও iii |

১৩। ‘আমি কোনো আগন্তক নই’ কবিতায় কোন মাসের ধানের মঝরীর কথা বলা হয়েছে?

- | | |
|--------------|------------|
| ক. অগ্রহায়ণ | খ. চৈত্র |
| গ. বৈশাখ | ঘ. কার্তিক |

১৪। ‘জন্মভূমি’ কবিতায় কবি কাদেরকে ‘পাষণ্ড বর্বর’ বলেছেন?

- i. স্বাজাত্যবোধহীনদের ii. দেশদ্বোধীদের iii. স্বদেশপ্রীতিহীনদের
- কোনটি সঠিক?
- | | |
|-------------|----------------|
| ক. i ও ii | খ. i ও iii |
| গ. ii ও iii | ঘ. i, ii ও iii |

১৫। কবিতার প্রতি লাইনের শেষের অন্ত্যমিলকে কী বলে?

- | | |
|---------|-------------|
| ক. উপমা | খ. অনুপ্রাস |
| গ. লয় | ঘ. ছন্দ |

১৬। সাহেব/শাহেব// [আ. সাহিব] বি. সম্মানিত ব্যক্তি— এখানে ভুক্তি কোনটি?

১৭। ভরসন্ধ্যায় লোকটি বাড়ি থেকে বের হয়ে গেলো। এ বাকে ‘ভরসন্ধ্যায়’ শব্দটিকে কী বলে?

১৮। মেট্রোতে ওঠার জন্য আমরা দুই নম্বর প্ল্যাটফর্মে দাঁড়ালাম। এ বাকে ‘দুই নম্বর প্ল্যাটফর্মে’ কোন বর্গের উদাহরণ?

১৯। ‘দরিদ্র’ শব্দটির সঠিক উচ্চারণ লেখো।

২০। ‘বিচিত্র’ শব্দের বিশেষ্যবাচক রূপ কী হবে?

২১। স্বরবৃত্ত ছব্দের একেকটি পর্ব কত মাত্রার হয়?

২২। ‘বাঞ্চ-রথ’— শব্দের অর্থ কী?

২৩। ‘স্মৃতিস্ত্ব’ কবিতাটি বাংলাদেশের ইতিহাসের কোন ঘটনাকে অবলম্বন করে রচিত?

২৪। ‘আমি কোনো আগন্তক নই’ কবিতায় কবি নিজেকে কার ‘চিরচেনা স্বজন’ বলেছেন?

২৫। ‘অলিখিত উপাখ্যান’ গল্পটি কোন প্রেক্ষাপটে লিখিত হয়েছে?

রচনামূলক অংশ

মান ৭৫

[ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্টীয়।]

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। “হীরের মুকুট নীল পরোয়ানা খোলা তলোয়ার” বলতে কবি কী বুঝিয়েছেন?	২
২। “মাথার উপর ঘন-নিবড় কচি কচি ত্রি যে পাতা”-এখানে কোন ধরণের অলংকার ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর?	২
৩। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে ঠিকাদার কয়েদিকে নবাবপুত্রের বলে সম্বোধন করেছিল কেন?	২
৪। “গৃহকর্ম-নিপুনা লক্ষ্মী বটটার ঠিক এই দশা”- বলতে লেখক কী বুঝিয়েছেন?	২
৫। কবি কেন আসমানের তারা, জোনাকিকে সাক্ষী রেখেছেন?	২
৬। এ ‘নিমগাছ’ গল্পে লোকটির সাথে নিমগাছের চলে যেতে ইচ্ছে করলো কেন?	২
৭। “সব কিছু আগে থেকে ঠিকঠাক করা। মাঝাখান থেকে হট করে কিছু বদলানো যাবে না।”- বলতে কী বোঝানো হয়েছে?	২
৮। “এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি”- কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো।	২
৯। লেখক মুহম্মদ আবদুল হাই ইংরেজ জাতিকে কীভাবে মূল্যায়ন করেছেন বর্ণনা কর।	২
১০। ‘কান্দারি হুঁশিয়ার’ কবিতায় কবি যাত্রাদেরকে হুঁশিয়ার থাকতে বলেছেন কেন?	২

রচনামূলক প্রশ্ন (দ্রশ্যপটবিহীন)

যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও।

- ১১। নিচের অনুচ্ছেদ থেকে পাঁচ ধরনের লঘুক্যুক্ত শব্দ শনাক্ত কর এবং এবং কোনটি কোন প্রকারের লঘুক তা উল্লেখ কর। ৫
দেখতে দেখতে লোকের ভিড় জমে গেল। চারদিকে গোলমাল, হৈ চৈ। অনিকাও দেখতে গেলো, ব্যাপারখানা কি? ততক্ষণে কেদারবাবুর গোনা প্রায় শেষ হয়ে এসেছে। তিনি দুই চোখ লাল করে লাঠিটা ঘোরাচ্ছেন আর বলছেন, আঠানকই, নিরানকই, একশো- কোন হতভাগা, মিথ্যেবাদী বলেছিল একশো গুনলে রাগ থামে? বলেই ডাইনে-বাঁয়ে দুমদাম লাঠির ঘা।
- ১২। বিপরীত শব্দ ব্যবহার করে নিচের হ্যাঁ-বাচক বাক্যকে না-বাচক বাক্য এবং না-বাচক বাক্যকে হ্যাঁ -বাচক বাক্যে রূপান্তর করো। ৫
ক. সে অপরাধী নয়।
খ. আমি গত ক্লাসে উপস্থিত ছিলাম না।
গ. সাধারণত তিনি কোমল কর্তৃ কথা বলেন।
ঘ. পরিস্থিতি আমাদের অনুকূলে নেই।
ঙ. এভাবে কাজ করলে অবনতি হবে
- ১৩। নির্দেশনা অনুযায়ী শব্দ যোগ করে বাক্যগুলো উত্তররপত্রে লেখো। ৫
ক. ওর এখন কী হবে! (করণাসূচক আবেগ যোগ করো)
খ. জলদি দোকানে যাও। পাওরঞ্চি কিনে আনো। (দ্বিতীয় বাক্যের শুরুতে যোজক যোগ করো)
গ. তিনি বাড়িতে আসবেন। (কালবাচক ক্রিয়া বিশেষণ যোগ করো)
ঘ. অঞ্চটা ভুল করেছো। (বিশেষণ যোগ করো)
ঙ. বহুদিন অপেক্ষা করে আছি। (অনুসর্গ যোগ করো)
- ১৪। তোমার জীবনের একটি স্মরণীয় দিনের দিনলিপি প্রমিত ভাষারীতিতে রচনা করো। ৫
- ১৫। মনে করো, সম্প্রতি তোমার বিদ্যালয়ে একটি বিজ্ঞানমেলা অনুষ্ঠিত হয়েছে। সেখানে আরও দুটি বিদ্যালয় অংশগ্রহণ করেছে।
উক্ত বিজ্ঞানমেলা সম্পর্কে একটি তথ্যমূলক রচনা লেখো। রচনা লেখার সময় নিচের বিষয়সমূহ বিবেচনায় আনতে হবে। ৫
(মেলার উদ্বোধন, প্রতিযোগী ও তাদের প্রজেক্ট, পুরস্কার ও সমাপনী পর্ব)

রচনামূলক প্রশ্ন (দশ্যপটনির্ভর)
যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।

১৬। নিচের কবিতাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

ধন ধান্য পুস্প ভরা, আমাদের এই বসুন্ধরা,
 তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা,
 ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে যেবাবা।
 এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
 সকল দেশের রানী সেয়ে আমার জন্মভূমি,

- ক. উপরের কবিতাংশটি ‘পল্লি-মা’ কবিতার কোন ভাবকে প্রতিফলিত করে ব্যাখ্যা করো। 8
 খ. উপরের কবিতাংশের কাঠামো (উপমা, অনুপ্রাস, ছন্দ, লয় ইত্যাদি) বিশ্লেষণ করো। 8

১৭। নিচের গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

চিন্তার চৰ্চা মানুষের জীবন দর্শনের প্রধান উপাদান। কিন্তু বর্তমান বিশ্বব্যবহৃত্য আমাদের মানবসমাজ চিন্তার রাজ্য থেকে নির্বাসন নিয়ে কেবল যন্ত্রনির্ভরই হচ্ছে, তা নয়, অধিকন্তু আমরা নিজেরাই আজ এক একটি যত্নে পরিণত হয়েছি। বিজ্ঞান ও প্রযুক্তির নতুন আবিক্ষারকে জীবনের প্রয়োজনে ব্যবহার করে জীবনকে উন্নত করার বদলে যত্নের কাছেই আমরা সমর্পণ করেছি জীবনকে, যার ফলে যত্নের উৎকর্ষের সঙ্গে তাল রেখে মানুষের মানবীয় গুণাবলি উৎকর্ষমণ্ডিত হচ্ছে না। মানুষের মানবিকতার বিজয়পতাকা উত্তোলন রাখতে হলে অবশ্যই জীবনের যথার্থ উদ্দেশ্য সম্পর্কে চিন্তা করতে হবে। বিবেচনাইন ভোগ প্রবণতা মানুষকে পশুর চেয়ে নিকৃষ্ট করে তুলে, যা অবশ্যই আমাদের কাঙ্ক্ষিত নয়। তাই নতুন যে কোনো কিছুকে স্বাগত জানানোর আগে জীবনে তার প্রয়োজন করতুক বা জীবনের জন্য ক্ষতিকর কিনা এই প্রশ্নগুলোর উত্তর গভীরভাবে খুঁজতে হবে।

- ক. গদ্যাংশটি গঠনের দিক থেকে কোন শ্রেণির প্রবন্ধের নমুনা বলে তুমি মনে করো, তোমার মতের পক্ষে যুক্তি দাও। 8
 খ. গদ্যাংশটি ‘সভ্যতার সংকট’ প্রবন্ধের বক্তব্যকেই সংক্ষিপ্তভাবে ধারণ করেছে।-মন্তব্যটি পর্যালোচনা করো। 8

১৮। নিচের কবিতাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে- এই বাংলায়
 হয়তো মানুষ নয়- হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে;
 হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
 কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়;
 হয়তো বা হাঁস হবো- কিশোরীর ঘুঙুর রহিবে লাল পায়,
 সারাদিন কেটে যাবে কলমির গন্ধভূরা জলে ভেসে ভেসে;
 আবার আসিব আমি বাংলার নদী মাঠ খেত ভালোবেসে
 জলঙ্গীর চেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়;
 ক. কবিতাংশের কবিভাবনার সাথে ‘আমি কোনো আগস্তক নই’ কবিতার কবিভাবনার যে মিল রয়েছে তা ব্যাখ্যা করো। 8
 খ. উপরের কবিতাংশটির মূলভাব প্রমিত ভাষায় লেখ। 8

১৯। নিচের অনুচ্ছেদটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

স্বামীর মৃতদেহের সাথে বিধবা স্ত্রীকে জীবন্ত দাহ করার রীতি ‘সতীদাহ’ নামে পরিচিত। প্রচীনকাল থেকেই ভারতবর্ষের হিন্দুসমাজে এ রীতি চলে আসছিল। যে নারী তার যথাসর্বস্ব দিয়ে স্বামী-সন্তান ও সৎসারের জন্য কাজ করে গেল সেই নারীকেই মৃত স্বামীর সাথে জীবন্ত পুড়িয়ে মারা হতো। অর্থাত কোনো স্ত্রী মারা গেলে তার সাথে স্বামীকে দাহ করা হতো না। সংশ্রেচন্দ্র বিদ্যাসাগর ও রাজা রামমোহন রায়ের কাছে বিষয়টি খুবই আপত্তিকর ও বেদনাদায়ক মনে হলো। তারা সতীদাহ প্রথা বন্ধের জন্য ইস্ট ইন্ডিয়া কোম্পানির সরকারের সাথে দেন-দরবার শুরু করলেন। বিষয়টি আদলত পর্যন্ত গড়ালো। তৎকালীন সমাজপতি ও ব্রাহ্মণসমাজ শক্ত প্রতিপক্ষ। কিন্তু শেষপর্যন্ত বিদ্যাসাগর ও রামমোহন রায়েরই জয় হলো। লর্ড উইলিয়াম বেন্টিক্স ১৮২৯ সালে সতীদাহ প্রথা বাতিল ঘোষণা করলেন।

- ক. অনুচ্ছেদের ‘সতীদাহ’ প্রথার মধ্য দিয়ে ‘নিমগাছ’ গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। 8
 খ. অনুচ্ছেদের সংশ্রেচন্দ্র বিদ্যাসাগর ও রামমোহন রায় কি বনফুলের প্রত্যাশা পূরণ করতে পেরেছেন? ‘নিমগাছ’ গল্পের আলোকে যুক্তি দাও। 8

২০। নিচের ছবিটি কৌশিক সরকারের আঁকা। ছবিটি ভালোভাবে পর্যবেক্ষণ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।



ক. ছবির বিষয় এবং চিত্রশিল্পী/চিত্রগ্রাহকের দৃষ্টিভঙ্গি বর্ণনা কর।

৮

খ. ছবিটি ‘সৃতিস্তম্ভ’ কবিতার মূল চেতনা তুলে ধরে কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও।

৮

নমুনা উত্তর
নবম শ্রেণি
বিষয়: বাংলা

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ:

পরীক্ষার্থীর উত্তর নমুনা উত্তরের ভূবহু চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।

প্রদত্ত নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।

উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই আভাবিক।

পরীক্ষার্থী প্রত্যাশিত স্তর অনুযায়ী লিখতে পারলে এ স্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। সেজন্য ১/২(অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তর:

- ১। ঘ. ই
- ২। ক. অসুবিধা
- ৩। ক. লাখো
- ৪। ঘ. অনুসর্গ
- ৫। খ. তুমিই পারবে
- ৬। ঘ. চাঁদ
- ৭। ক. নতুন
- ৮। খ. শুধু
- ৯। খ. শব্দের গঠন
- ১০। খ. আঁশ, আভরণ, ক্ষমা, কার্যকর
- ১১। ক. লঞ্চীবট
- ১২। ক. i ও ii
- ১৩। ঘ. কার্তিক
- ১৪। খ. i ও iii
- ১৫। খ. অনুপ্রাস
- ১৬। সাহেব
- ১৭। বিধেয়ের সম্প্রসারক
- ১৮। ক্রিয়া বিশেষণ
- ১৯। দোরিদ্বো
- ২০। বৈচিত্র্য
- ২১। চার
- ২২। রেলগাড়ি
- ২৩। বায়ান্নর ভাষা আন্দোলন
- ২৪। কদম আলী
- ২৫। উপনিবেশিক শাসনামলের প্রেক্ষাপটে

নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics)

১৯ নম্বর প্রশ্নের (ক) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১৯ (ক)	৮	‘নিমগাছ’ গল্লা এবং উদ্বীপক তুলনামূলক আলোচনার মাধ্যমে নারীর অবমূল্যায়ন/নারীর অবদান অঙ্গীকার/ নারীর প্রতি বৈষম্যমূলক আচরণের দিকটি বিশ্লেষণ করতে পারলে । উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে
	৩	‘নিমগাছ’ গল্লের পাশাপাশি উদ্বীপকে কীভাবে নারীর অবমূল্যায়ন/নারীর অবদান অঙ্গীকার/ নারীর প্রতি বৈষম্যমূলক আচরণের দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করতে পারলে । উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে
	২	‘নিমগাছ’ প্রতীকী গল্লে লেখক বনফুল কীভাবে নারীর অবমূল্যায়ন/নারীর অবদান অঙ্গীকার/ নারীর প্রতি বৈষম্যমূলক আচরণের দিকটি ফুটিয়ে তুলেছেন তা বর্ণনা করতে পারলে । মধ্যম মানের শব্দচয়ন এবং বাক্যগঠন করতে পারলে
	১	উদ্বীপকের ‘সতীদাহ’ প্রথার মধ্য দিয়ে ‘নিমগাছ’ গল্লের প্রতিফলিত ভাবটি হলো নারীর অবমূল্যায়ন/নারীর অবদান অঙ্গীকার/ নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ- এই কথাটি লিখতে পারলে ।
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

১৯ নম্বর প্রশ্নের (খ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১৯ (খ)	৮	উদ্বীপক এবং ‘নিমগাছ’ গল্লের আলোকে বনফুলের প্রত্যাশার বিষয়টি বিশ্লেষণের মাধ্যমে তুলে ধরতে পারলে । উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে
	৩	‘নিমগাছ’ গল্লে প্রকাশিত বনফুলের প্রত্যাশা (নারীর কাজের স্বীকৃতি প্রদান/ নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ না করা/ নারীর অধিকার প্রদান করা) উদ্বীপকে কীভাবে প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করতে পারলে । মধ্যম মানের শব্দচয়ন এবং বাক্যগঠন করতে পারলে উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে
	২	‘নিমগাছ’ গল্লের আলোকে বনফুলের প্রত্যাশার কথা ব্যাখ্যা করতে পারলে । মধ্যম মানের শব্দচয়ন এবং বাক্যগঠন করতে পারলে
	১	হ্যাঁ, উদ্বীপকের সৈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও রামমোহন রায় বনফুলের প্রত্যাশা পূরণ করতে পেরেছেন এই কথাটি লিখতে পারলেন
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

